# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৩৩

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ শুভকাজে প্রতিযোগিতা ও শীঘ্র করা এবং পুণ্যকামীকে পুণ্যের প্রতি তৎপরতার সাথে নির্দ্বিধায় সম্পাদন করতে উৎসাহিত করা

## আরবী

عَن أَنَسٍ أنَّ رَسُولَ اللهِ ﷺ أَخَذَ سَيفاً يَومَ أُحُد فَقَالَ مَنْ يَأخُذُ منِّي هَذَا ؟ فَبَسطُوا أيدِيَهُمْ كُلُّ إنسَانٍ مِنْهُمْ يقُولُ : أنَا أنَا قَالَ فَمَنْ يَأخُذُهُ بحَقِّهِ ؟ فَأَحْجَمَ القَومُ فَقَالَ أَبُو دُجَانَةَ أنا آخُذُهُ بِحَقِّهِ فَأَخَذَهُ فَفلَق بِهِ هَامَ المُشْرِكِينَ رواه مسلم

## বাংলা

(৪৩৩) আনাস (রাঃ) হতে বর্ণিত, উহুদের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একখানি তরবারি হাতে নিয়ে বললেন, আমার কাছ থেকে এই তরবারি কে নেবে? সাহাবীগণ নিজ নিজ হাত বাড়িয়ে দিলেন। তাঁদের মধ্যে প্রত্যেকেই বলতে লাগলেন, আমি, আমি। তিনি বললেন, কে এর হক আদায়ের জন্য নেবে? (এ কথা শুনে) সবাই থমকে গেলেন। অতঃপর আবূ দুজানা (রাঃ) বললেন, আমি এর হক আদায়ের জন্য নেব। তারপর তিনি তা নিয়ে নিলেন এবং তার দ্বারা মুশরিকদের শিরশ্ছেদ করতে থাকলেন।

## ফুটনোট

(মুসলিম ৬৫০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন